# প্রেস বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়
২৩ জুন ২০২৫

**'Climate Resilient Inclusive Development Program- Subprogram 2' শীর্ষক কর্মসূচির অনুকূলে AIIB এর সঙ্গে ৪০০ (চারশত) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি (বাজেট সহায়তা) স্বাক্ষর।**

অদ্য ২৩ জুন ২০২৫ তারিখে বাংলাদেশ সরকার ও Asian Infrastructure Investment Bank (AIIB) এর মধ্যে **'Climate Resilient Inclusive Development Program-Subprogram 2'** শীর্ষক কর্মসূচির জন্য ৪০০ (চারশত) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষর হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিজ্ মিরানা মাহরুখ, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং AIIB'র পক্ষে Mr. Rajat Misra, Acting Chief Investment Officer, Public Sector (Region 1) & Financial Institutions and Funds (Global) Clients and Director General, Public Sector Clients Department Region 1 ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

এ কর্মসূচির মূল উদ্দেশ্য হলো পরিবেশের পরিবর্তন প্রতিরোধকল্পে মজবুত ভিত্তি তৈরি এবং জলবায়ু নীতিমালা সংস্কারের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে অভিযোজন এবং প্রশমনমূলক কার্যক্রমকে আরও অগ্রসর করে টেকসই, সহনশীল এবং অন্তর্ভূক্তিমূলক প্রবৃদ্ধির বাংলাদেশ গড়তে সহায়তা করা।

AIIB হতে গৃহীত এ ঋণ ০৫ (পাঁচ) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৫ বছরে পরিশোধযোগ্য। ঋণের সুদের হার SOFR+ Variable Spread। এছাড়া বর্ণিত ঋণের Front End Fee হিসেবে এককালীন ০.২৫% পরিশোধ করা হবে।

২৩/০৬/২০২৫


কাওসার জাহান
যুগ্মসচিব
ফোন: ৯১৮০৮৭৬
Email: asial@erd.gov.bd